



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

ওয়েবসাইট: www.jalalabadgas.org.bd



প্রিশেইড গ্যাস মিটার ব্যবহার গ্রাহকদের
সাপ্রসী, স্মার্ট ও টেকসই সমাধান।

শুদ্ধাচার চর্চা করি সমৃদ্ধ
সোনার বাংলা গড়ি।

বিনা কারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা
আর বিপদকে ডাকা একই বিষয়।

গ্যাস দুর্ঘটনা প্রতিরোধে সচেতনতা বিষয়ক সতর্কীকরণ বিজ্ঞপ্তি

গ্রাহক সচেতনতার অভাবে প্রাকৃতিক গ্যাস/ বায়োগ্যাস জনিত অগ্নি দুর্ঘটনা/ বিস্ফোরণে জানমালের ক্ষয়ক্ষতি হচ্ছে। এ ধরনের দুর্ঘটনা প্রতিরোধে সম্মানিত সকল গ্রাহককে নিম্নরূপ সতর্কতা অবলম্বনে অনুরোধ করা যাচ্ছে:

- বিস্ফোরণের অন্যতম প্রধান কারণ আবদ্ধ জায়গায় গ্যাস জমা হওয়া। প্রাকৃতিক গ্যাস ছাড়াও ওয়াসার সুয়্যারেজ লাইনের বর্জ্যের কারণে বায়োগ্যাস উৎপন্ন হয় যাহা অগ্নি দুর্ঘটনা ও বিস্ফোরণের অন্যতম কারণ। সেইফটি ট্যাঙ্ক এবং এবং ম্যানহোলের ঢাকনায় পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা আছে কি-না পর্যবেক্ষণে রাখুন। গ্যাস লাইনের উপর কোন স্থাপনা/ সুয়্যারেজ পিট নির্মাণ হতে বিরত থাকুন;
- আপনার আশিনায় স্থাপিত গ্যাসের রাইজারটি সর্বদা উন্মুক্ত পরিবেশে রাখুন। অভ্যন্তরীণ গ্যাস পাইপলাইন (জিআই লাইন) ফিটিংস সমূহের সংযোগস্থলে লিকেজ আছে কি না নিয়মিত পরীক্ষা করুন;
- গ্যাস রাইজারের সন্নিহিত গ্যাসের চুলা ও কোন দাহ্য পদার্থ কিংবা বৈদ্যুতিক লাইন স্থাপন করা থেকে বিরত থাকুন।
- অবৈধ গ্যাস সংযোগ গ্রহণ/ ব্যবস্থা হতে বিরত থাকুন। অবৈধ গ্যাস সংযোগে নিম্নমানের মালামাল ব্যবহার করা হয় যা গ্যাস লিকেজ/ বিস্ফোরণ/ অগ্নিকান্ডের মত দুর্ঘটনার অন্যতম কারণ;
- চুলা জ্বালানোর পূর্বে চুলার নব/ বাটন/ হসপাইপ/ পিতলের চাবি ইত্যাদিতে কোন গ্যাস লিকেজ আছে কি-না পরীক্ষা করুন। চুলা জ্বালানোর কমপক্ষে ১৫/২০ মিনিট পূর্বে রান্না ঘরের দরজা জানালা খুলে দিয়ে বায়ু চলাচল নিশ্চিত করুন;
- বাসা বাড়িতে লিকেজ পরিলক্ষিত হলে রাইজারের চাবি বন্ধ করে দিন এবং প্রয়োজনে দক্ষ মিস্ত্রি দিয়ে লিকেজ মেরামতের ব্যবস্থা করুন। লিকেজ মেরামত নিশ্চিত হয়েছে কি-না সাবান পানি দ্বারা পরীক্ষা করুন;
- উন্নয়নমূলক কাজ চলাকালে রাস্তায় বিদ্যমান গ্যাসের বিতরণ লাইন এবং আপনার বাসা/ বাড়ির গ্যাসের সার্ভিস পাইপ লাইন ক্ষতিগ্রস্ত/ লিকেজ হচ্ছে কি-না পর্যবেক্ষণে রাখুন;
- জালালাবাদ গ্যাসের সকল সম্মানিত গ্রাহকগণ যেকোন প্রয়োজনে নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করুন (দিবা/রাত্রি-২৪ ঘণ্টা);

জরুরী শাখা	হটলাইন
মোবাইল নম্বর: ০১৭১১-৪০১৫৫৭	১৬৫১১
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭০০৬৩২	

- মনে রাখবেন আপনার সচেতনতাই পারে বড় ধরনের দুর্ঘটনা/ বিস্ফোরণের হাত থেকে আপনাকে বাঁচাতে।

প্রচারে: জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ